# আল-মুমিনুন | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ১৬

## আরবি মূল আয়াত:

ثُمَّ اِنَّكُمۡ يَوۡمَ الۡقِيٰمَةِ تُبۡعَثُوۡنَ ﴿۱۶﴾

## অনুবাদসমূহ:

তারপর কিয়ামতের দিন অবশ্যই তোমরা পুনরুত্থিত হবে। — আল-বায়ান

তারপর কিয়ামাতের দিন তোমাদেরকে পুনরুত্থিত করা হবে। — তাইসিরুল

অতঃপর কিয়ামাত দিবসে তোমাদের পুনরুত্থিত করা হবে। — মুজিবুর রহমান

Then indeed you, on the Day of Resurrection, will be resurrected. — Sahih International

### ১৬. তারপর কেয়ামতের দিন নিশ্চয় তোমাদেরকে উত্থিত করা হবে।(১)

(১) পূর্ববর্তী ১২-১৪ নং আয়াতে সৃষ্টির প্রাথমিক স্তর উল্লেখ করা হয়েছিল, এখন ১৫ ও ১৬ আয়াতে তার শেষ পরিণতির কথা বলা হয়েছে। বলা হচ্ছেঃ তোমরা সবাই এ জগতে আসা ও বসবাস করার পর মৃত্যুর সম্মুখীন হবে। কেউ এর কবল থেকে রক্ষা পাবে না। মৃত্যুর পর আবার কেয়ামতের দিন তোমাদেরকে জীবিত করে পুনরুত্থিত করা হবে, যাতে তোমাদের ক্রিয়াকর্মের ভাল কিংবা মন্দের হিসাবান্তে তোমাদেরকে আসল ঠিকানা জান্নাত অথবা জাহান্নামে পৌছে দেয়া হয়। [দেখুন: ইবন কাসীর] এ হচ্ছে মানুষের শেষ পরিণতি।

তাফসীরে জাকারিয়া

### (১৬) অতঃপর কিয়ামতের দিন তোমাদেরকে অবশ্যই পুনরুত্থিত করা হবে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন